

ঢাবি ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশে নিষেধাজ্ঞা

থার্টিফার্স্ট নাইট

ঢাবি প্রতিবেদক

৩০ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ক্যাম্পাসে 'থার্টিফার্স্ট নাইট' উপলক্ষে শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে ৩১ ডিসেম্বর বিকাল ৫টা থেকে পরের দিন ১ জানুয়ারি ভোর ৫টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রবেশপথগুলোয় গাড়ি প্রবেশ সীমিত থাকবে। তবে ঢাবির স্থিকারযুক্ত গাড়ি ও জরুরি সেবা ছাড়া অন্য গাড়ি ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না।

গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অফিসের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সেখানে বলা হয়- 'থার্টিফার্স্ট নাইট' উপলক্ষে শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তার স্বার্থে ৩১ ডিসেম্বর বিকাল ৫টা থেকে পরের দিন ১ জানুয়ারি ভোর ৫টা পর্যন্ত ঢাবি প্রবেশপথগুলোতে (শাহবাগ, দোয়েল চতুর, বার্ন ইউনিট, শিববাড়ী ক্রসিং, ফুলার রোড, পলাশী মোড় ও নীলক্ষেত) সাধারণ যানবাহন চলাচল করতে পারবে না।

তবে বৈধ আইডি কার্ডধারী শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয়ের পরিবারের সদস্য, ঢাবি স্টিকারযুক্ত গাড়ি ও জরুরি সেবার (অ্যাম্বুলেন্স, ডাক্তার, রোগী ও সাংবাদিকসহ অন্যান্য সরকারি গাড়ি) যানবাহন ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে। বিশ্ববিদ্যালয়ে কোনো ধরনের আতশবাজি, ফানুস ও বিস্ফোরক দ্রব্য বহন এবং ফোটানো যাবে না বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।